

প্রেস রিলিজ

ত্রিপুরা রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পর্ষদ-এর উদ্যোগে এবং CSIR-Advanced Materials and Processes Research Institute, Bhopal -এর প্রযুক্তিগত সহযোগিতায় আগরতলার ভগৎ সিং ইয়োথ হোস্টেলে বাঁশ ও বাঁশ জাতীয় বিভিন্ন নির্মাণ সামগ্রী প্রস্তুতি এবং বাঁশের থেকে প্রস্তুত যৌগের ব্যবহারিক প্রয়োগ-এর উপর উৎসাহী ছাত্র/ছাত্রী ও শিল্প উদ্যোগীদের নিয়ে একদিনের কর্মশালা অনুষ্ঠিত হয় ২৪শে জানুয়ারী, ২০১৯।

স্বাগত ভাষণে শ্রী ভবতোষ দত্ত রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পর্ষদের বরিষ্ঠ বিজ্ঞান আধিকারিক কর্মশালার প্রক্ষাপট তুলে ধরেন। রাজ্য সরকারের অ্যাডিশিনাল সেক্রেটারী তথা শিল্প ও বাণিজ্য দপ্তরের অধিকর্তা ড. সন্দীপ আর রাখোড রাজ্যের বাঁশ ও বেতের উৎপাদন সামগ্রী এবং তার ব্যবহারিক প্রয়োগের প্রক্ষাপট তুলে ধরেন।

ভোপাল থেকে আগত বিজ্ঞানীরা পাওয়ার পয়েন্ট উপস্থাপনার মাধ্যমে বাঁশ থেকে কিভাবে নানাবিধ সামগ্রী প্রস্তুত করা যায় এবং কিভাবে আধুনিক উপায়ে বাঁশকে ব্যবহার করে সহজ উপায়ে গৃহ/অফিসের আসবাবপত্র নির্মাণ করা যায়, তা তুলে ধরেন।

অনুষ্ঠানে সভাপতির ভাষণে বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের অধিকর্তা শ্রী অনিমেশ দাস রাজ্যকে স্বনির্ভর করার লক্ষ্যে বেকার যুবক-যুবতীদের নতুন প্রযুক্তির মাধ্যমে বাঁশ ও বেতের সামগ্রি তৈরী করা আয়ত্ব করে অতিরিক্ত আয়ের মাধ্যমে স্বনির্ভর হওয়ার পরামর্শ দেন।

এই কর্মশালায় উপস্থিত সবাই আরোও বেশী করে এই ধরনের অনুষ্ঠান করার উপরে গুরুত্ব আরোপ করেন।